ঝিনাইদহে পুর্বাঞ্চলে স্বতন্ত্র প্রার্থীর গণসংযোগ

ঝিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়া, হরিশংকরপুর ও হাটগোপালপুর বাজারসহ বিভিন্ন ইউনিয়নে গণসংযোগ করেছেন ঈগল প্রতিকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

আজ মঙ্গলবার (২৬ ডিসেম্বর) বিকালে তিনি গোয়ালপাড়া বাজারে প্রথম নির্বাচনী সমাবেশে বক্তৃতা দান করেন। আজম আলী মেম্বরের সভাপতিত্বে অনুষ্ঠানে পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ, কালীচরনপুর ইউনিয়নের চেয়ারম্যান যুবলীগ নেতা জাহাঙ্গীর হোসেন, হরিশংকপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুম ও আবুল হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। গোয়ালপাড়া বাজারে নির্বাচনী সমাবেশ শেষ করে নাসের শাহরিয়ার জাহেদী মহুল হাটগোপালপুর বাজারে শাহাবুদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে ও হরিশংকরপুর, মধুপুর বাজার ও পোড়াহাটী ইউনিয়নের বিভিন্ন স্থানে গণসংযোগ করেন।

এ সব নির্বাচনী সমাবেশে হাজার হাজার মানুষ অংশ গ্রহন করেন। গণসংযোগকালে ঈগল প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, জেলার মানুষ পরিবর্তন চাই। এখন পরিবর্তনের যুগ, উন্নয়নের যুগ। এমপি নির্বাচতি হলে জেলার পুর্বাঞ্চলের মানুষের সব সমস্যা পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস দেন তিনি। তিনি বলেন, জনপ্রতিনিধি না হয়েও তিনি ও তার পরিবার ঝিনাইদহের মানুষকে সাধ্যমতো সেবা করে যাচ্ছেন। আর এই সেবা নিঃস্বর্থ ও মানুষের কল্যানে। তিনি আগামী ৭ জানুয়ারি ঈগল প্রতিকের পক্ষে রায় দেয়ার জন্য ভোটারদের প্রতি উদাত্ত আহবান জানান।

ঝিনাইদহে স্বতন্ত্র প্রার্থীর

গণসংযোগ

ঝিনাইদহ-২ আসনের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরীয়ার জাহেদী মহুল ঝিনাইদহ সদর উপজেলার তিনটি ইউনিয়নে গণসংযোগ ও পথসভা করেছেন। এই গণসংযোগের সময় রাস্তায় জনস্রোতের সৃষ্টি হয়। তাকে এক নজর দেখার জন্য এবং জনতার ভালোবাসায় সিক্ত করতে তাদের এই ভিড় দেখা দেয়।

গতকাল সোমবার দুপুর থেকে গভীর রাত পর্যন্ত ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের নগরবাথান বাজার, কুমড়াবাড়িয়া বাজার, বিকালে গান্না ইউনিয়নের ইউনিয়ন পরিষদ ভবনের সামনে এবং সন্ধ্যায় পাগলাকানাই ইউনিয়নের জামতলা এবং গয়াশপুর বাজাবে গণসংযোগ করেণ। এসময় ঈগল প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুলকে দেখার জন্য রাস্তার পাশে হাজার হাজার নারী পুরুষ দাড়িয়ে থাকতে দেখা যায়। তাছাড়া প্রতিটি পথসভায় জনতার ঢল নামে। এ গণসংযোগের সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ, পাগলাকানাই ইউনিয়নের চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাস, কুমড়াবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শামছুল হক, গান্না ইউনিয়নের চেয়ারম্যান আতিকুল হাসান মাসুম, সুরাটের সাবেক চেয়ারম্যান কবির হোসেন জোয়ারদার, ইউপি সদস্য ওয়াসিম মন্ডল, মাহফুজুর রহমান মাহফুজ, বিল্লাল হোসেন, হাসেম আলী ও মলয় কুমার প্রমুখ।

গণসংযোগের সময় বিভিন্ন পাড়া মহল্লা থেকে নারী পুরুষেরা ছুটে আসেন নাসের শাহরিয়ার জাহেদী মহুলের সঙ্গে সাক্ষাত করতে। সভাশেষে তিনি সাইদ চেয়ারম্যানকে সঙ্গে নিয়ে বিভিন্ন মানুষের বাড়ি বাড়ি ঈগল প্রতীকের পক্ষে ভোট প্রার্থনা করেন এবং বলেন আমি যদি ভোটে পাশ করি সর্ব প্রথম আমি বেকার সমস্যা সমাধানে হাত দেব, সরকারী এবং বেসরকারী পর্যায়ে অর্থ আয়ের ব্যবস্থ্ করবো, এই জেলায় কেউ কর্মহীন থাকবে না, এছ্ড়াা জেলার মানুষ ও সার্বিক অবস্থার উন্নয়নের কথা তুলে ধরেণ। তাছাড়া তিনি প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ৭ তারিখে ভোট কেন্দ্রে যাবেন এবং যাকে ভাল লাগে তাকে আপনার ভোট প্রয়োগ করবেন বলেও জানান।

আলমডাঙ্গায় স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমানের গণসংযোগ

দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমান (পিএসসি,অব.) আসন্ন সংসদ নির্বাচন বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। তিনি আজ সোমবার বেলা ১২ টার দিকে আলমডাঙ্গায় তার নির্বাচনী কার্যালয়ে এ মতবিনিময় করেন।

মত বিনিময়কালে এমপি প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমান (পিএসসি,অব.) বলেন,আমি এই আলমডাঙ্গার সন্তান। আমি নেভীতে চাকরী করতাম। জীবনে কোনদিন কোন দুর্নীতি বা অনিয়মের সাথে জড়িত ছিলাম না।
আমি জোর গলায় বলতে পারি। আল্লাহ:র নাম নিয়ে বলছি আমার শরীরে অন্যায়ের উপার্জনের এক বিন্দু রক্তও নেই। কারণ আমি সারা জীবন সমুদ্রে সমুদ্রে কাটিয়েছি। শ্রীলংকা থেকে বম্বে,বম্বে থেকে সৌদী আরব,সৌদী আরব থেকে দুবাই, ইংল্যান্ড,আমেরিকা ঘুরেছি। সেখানে তো কেউ ঘুষ দিতে যায়নি। সে কারণে আমি বলতে পারি, আমার শরীরে কোন অন্যায় উপার্জনের টাকা নেই। আমি এই অবহেলিত আলমডাঙ্গার উন্নয়নের জন্য আসন্ন নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে ট্রাক প্রতিকে ভোট কামনা করছি। যদি আমি নির্বাচিত হই,তাহলে অবহেলিত এই আলমডাঙ্গার উন্নয়নে কাজ করবো। আপনারা সৎ এবং যোগ্য প্রার্থী বিবেচনা করে আপনার মূল্যবান ভোটটি দিবেন।

দীর্ঘ ৩৫ বছর আলমডাঙ্গা শোষন নিপীড়নের শিকার। এই শোষন নিপীড়নের জবাব দিতে আলমডাঙ্গা থেকে একজনকে এমপি নির্বাচিত করে আনতেই হবে আপনাদের।

এর পূর্বে তিনি বিভিন্ন এলাকায় গণ সংযোগ করেন। গণ সংযোগকালে উপস্থিত ছিলেন সাবেক সেনা সদস্য আব্দুল্লাহ, নজরুল ইসলাম,আশরাফুল ইসলাম বকুল,আসিফ আলী, হাসানুজ্জামান,রেহেনা খাতুন,সিদ্দিকা খাতুন,আলমগীর হোসেন,লিটু খন্দকার,রাসেল মুন্সি,রবিউল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে স্বতন্ত্র প্রার্থী আব্দুল মান্নান ও ডা. অলোক কুমার দাসকে শোকজ

মেহেরপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান ও মেহেরপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলক কুমার দাস কে শোকজ করেছে জেলা নির্বাচন অনুসন্ধান কমিটি।

গতকাল রবিবার (২৪ ডিসেম্বর) মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত-২ এর বিচারক এবং নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এইচ এম কবির হোসেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও মেহেরপুরের জেলা প্রশাসক শামীম হাসানের লিখিত অভিযোগের প্রেক্ষিতেএই দুজনের বিপক্ষে পৃথক পৃথক শোকজ নোটিশ ইস্যু করেন।

জেলা নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ের সূত্রে জানা গেছে, সম্প্রতি মেহেরপুরের জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দসকে স্ততন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান মোবাইল ফোনের মাধ্যমে হুমকি দিয়েছেন মর্মে লিখিত অভিযোগ করেন। অভিযোগের ভিত্তিতে প্রাথমিক তদন্ত শেষে ফোনালাপ সংশ্লিষ্ট উভয় পক্ষকে শোকজ করেন এইচ এম কবির হোসেন।

শোকজ নোটিশে প্রফেসর আব্দুল মান্নান কে বলা হয়েছে,’জেলা রিটার্নিং কর্মকর্তার লিখিত অভিযোগে বলে আপনি মেহেরপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার অলক কুমার দাস কে মোবাইল ফোনে হুমকি দিয়েছেন।

আগামী ২৭ ডিসেম্বর (বুধবার) দুপুর ১২ টার সময় স্বশরীরে বা প্রতিনিধির মাধ্যমে নির্বাচন অনুসন্ধান কমিটির কার্যালয় উপস্থিত হয়ে কারণ দর্শানোর নির্দেশ দেয়া হলো । ‘

অপর দিকে ডা. অলোক কুমার দাস কে শোকজ নোটিশে বলা হয়েছে, ‘আপনি প্রকাশিত অডিও ক্লিপের ব্যাপারে এবং বিভিন্ন রাজনৈতিক কার্যক্রমে

অংশগ্রহণ সংক্রান্ত অভিযোগের ব্যাখ্যা প্রদান করবেন। এবং আগামী ২৭ ডিসেম্বর বুধবার সকাল দশটায় নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ে স্বশরীরে হাজির হয়ে সাক্ষ্য প্রদানের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো।’

সম্প্রতি সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: অলক কুমার দাস ও স্বতন্ত্র প্রার্থী আব্দুল মান্নানের কথোপকথন সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে ভাইরাল হয়।

হরিণাকুণ্ডুতে স্বতন্ত্র প্রার্থী মহুলের গণসংযোগ

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর ইউপি কার্যলয়ের সামনে পৌর এলাকার আমের চারা বাজারে, জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ফলসি ইউনিয়নের ফলসিতে ব্যাপক গণসংযোগ করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ সভাপতি রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালসের চেয়ারম্যান স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

গতকাল বিকালে উপজেলার দৌলতপুর ইউনিয়ন থেকে নির্বাচনী প্রচারাভিযান শুরু করেন। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে প্রথম সভায় বক্তব্য রাখেন ঈগল প্রতিকের প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

অনুষ্ঠানে হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিয়ার রহমান জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, সাইদুর রহমান, সাবদার রহমান ও শাহরিয়ার জাহেদী পিপুল উপস্থিত ছিলেন। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, জেলার কোন দ্বায়িত্বশীল প্রতিনিধি না হয়েও আমি জেলার মানুষকে অন্তর দিয়ে ভালোবাসি। এই জেলা আমার নয়নের মনি। এরপর আমের চারা বাজারে পথসভায় বক্তব্য রাখেন তিনি। এসভা টানু মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এসময় তার সাথে ছিলেন উপজেলা আওয়ামী সভাপতি মশিয়ার রহমান

জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। সন্ধ্যারপর জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় এক পথ সভা অনুষ্ঠিত হয়। জোড়াদহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা পলাশের সভাপতিত্বে বক্তব্য রাখেন নাসের শাহরিয়ার জাহেদী মহুল। এসময় উপস্থিত ছিলেন মশিয়ার রহমান জোয়ারদার, এ্যাডভোকেট নজরুল ইসলাম, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন আমি তরুনদের নিয়ে কাজ করতে চায়। তরুনরা আমার প্রান। তরুনদের কর্মসংস্থান করাই আমার মূল লক্ষ্য হবে। আপনারা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাবেন যাকে ইচ্ছা তাকে ভোট দিবেন। প্রধান মন্ত্রী শেখ হাসিনা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাওয়ার নিশ্চয়তা দিয়েছেন। আপনাদের ভয়ের কোন কারণ নেই। এরপর রাতে ফলসি ইউনিয়নের ফলসীগ্রামে গণসংযোগ করেন।

এই পথসভার বক্তৃতায় নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, “উন্নয়ন দিয়ে ঝিনাইদহকে সাজাতে তিনি বদ্ধপরিকর। অন্তত ৩০ বছর ধরে আমি ও আমার পরিবার ঝিনাইদ-হরিণাকুন্ডুর মানুষকে খেদমত করে যাচ্ছি। স্কুল, কলেজ, মসজিদ ও মাদ্রাসার উন্নয়নের প্রচেষ্টা আরো জোরদার করা হবে। প্রতিটি পথসভায় শত শত কর্মী সমর্থক ও সাধারণ ভোটারের ঢল নামে। মহুল সাহেবকে একনজর দেখার জন্য এবং তাকে অভিনন্দন জানাতে রাস্তায় উৎসুক ভীড় জমে। এসময় নেতা কর্মীরা উৎসাহমূলক বিভিন্ন প্রখার শ্লোগান দিতে থাকেন।

কোটচাঁদপুরে স্বতন্ত্র প্রার্থী এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চলের জনসংযোগ

কোটচাঁদপুর শহরের জনসংযোগ চালিয়েছেন, ঝিনাইদহ- ৩ আসেনর সংসদ সদস্য, স্বতন্ত্র প্রার্থী এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। ভোটারদের কাছে ভোট চাইলেন ট্র্যাক প্রতীকে। এ সময় জয়ের ব্যাপারে আশাও প্রকাশ করেন তিনি।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, (কোটচাঁদপুর-মহেশপুর) এ দুই উপজেলা

নিয়ে ঝিনাইদহ- ৩ সংসদীয় আসন গঠিত। গেল ১৮ তারিখ প্রতীক বরাদ্ধ করেন নির্বাচন কমিশন। এরপর থেকে প্রার্থীরা ছুটছেন ভোটারদের দ্বারে দ্বারে। বিতরণ করছেন নির্বাচনী প্রতীক সংম্বলিত লিফলেট।

এর ধারাবাহিকতায় আজ রবিবার বিকেলে কোটচাঁদপুর সোনি আবাসিকের সামনে থেকে জনসংযোগ শুরু করেন সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান (স্বতন্ত্র প্রার্থী)। এরপর তিনি বলুহর বাসস্ট্যান্ড, কোটচাঁদপুর হাসপাতাল মোড়, ব্রীজঘাট মোড়, বাজারসহ পৌর শহরে জনসংযোগ চালান।

এ সময় সঙ্গে ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাজাহান আলী, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, লুৎফর রহমান, কৃষক লীগ নেতা আনোয়ার হোসেন মুকুল, স্বেচ্ছাসেবকলীগ নেতা লিমন হোসেন, ছাত্রলীগ নেতা রাব্বি হাসান, আল-আমীন হোসেন, প্রদীপ হালদার।

এ সময় নির্বাচন সুষ্ট হলে জয়ী হওয়ার ব্যাপারে আশাও প্রকাশ করেন সংসদ সদস্য।

চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনে স্বতন্ত্র প্রার্থীকে জরিমানা

চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের দায়ে স্বতন্ত্র ঈগল প্রতিকের প্রার্থীর কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বিকেলে উপজেলার মুন্সিগঞ্জ পশুহাট প্রাঙ্গণে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ

নির্বাচনে আচরণ বিধি প্রতিপালন নিশ্চিত করতে গতকাল শনিবার বিকেলে উপজেলার বিভিন্ন স্থানে উপজলা সহকারী কমিশনার (ভূমি) নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ এ অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ পশুহাট এলাকায় স্বতন্ত্র প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার একই ইউনিয়নে দুটি নির্বাচনি অফিস, আলোকসজ্জা ও তোড়ন নির্মাণের অভিযোগ পাওয়া যায়। এতে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগে এ প্রার্থীর এক দায়িত্বরত কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিক নির্বাচনি অফিস বন্ধ করে আলোকসজ্জা ও তোড়ন অপসারণ করা হয়।

সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ বলেন, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকেই ছাড় দেওয়া হবে না। নির্বাচনে সকল প্রার্থীকেই আইন মেনে চলতে হবে। নির্বাচন পর্যন্ত এ অভিযান অব্যাহত থাকবে।

ট্রাক হাতে নিয়ে ভোট চাইছেন স্বতন্ত্র প্রার্থী কামারুল আরেফীন

নির্বাচনী প্রতীক ট্রাক। এই প্রতীকে নির্বাচন জিততে বিভিন্ন এলাকায় গিয়ে ভোট চাইছেন কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের স্বতন্ত্র প্রার্থী কামারুল আরেফীন।

তিনি মিরপুর উপজেলা আ’লীগের সাধারন সম্পাদক ও সদ্য পদত্যাগকারী উপজেলা পরিষদের চেয়ারম্যান।

স্বতন্ত্র এমপি প্রার্থী হিসেবে কামারুল আরেফীন ট্রাক প্রতীকে প্রতিনিয়ত গণসংযোগ করছেন।

শুক্রবার (২২ ডিসেম্বর) সারাদিন মিরপুর ও ভেড়ামারা উপজেলার বিভিন্ন গ্রামে তিনি গণসংযোগ করেন। এ সময় তাকে পেয়ে ভোটারদের

মধ্যেও আনন্দ-উচ্ছ্বাস দেখা যায়।

ভোটের প্রচার-প্রচারণা শুরুর পর থেকে গণসংযোগে বেরিয়ে পড়েন কামারুল আরেফীন। মিরপুর ও ভেড়ামারা উপজেলার বিভিন্ন গ্রামে গ্রামে ঘুরে নিজের প্রতীক ট্রাক প্রতীকে ভোট চান।

কামারুল আরেফীন গ্রামের নারী-পুরুষ, বৃদ্ধ-বণিতা, তরুন-তরুনীদের সঙ্গে কথা বলে তাদেরও ভোট আদায়ের চেষ্টা করছেন। বলছেন, নির্বাচিত হলে তিনি এই আসনের আত্মমর্যাদা ফিরিয়ে দেবেন। এলাকার মানুষ এখন যে শোষণের মধ্যে আছেন, তিনি তা থেকে সবাইকে বের করে আনবেন। তিনি শোষক হিসেবে নয়, সেবক হিসেবে মানুষের পাশে থাকতে চান। সেবা করতে চান।

আওয়ামী লীগের মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নিজেকে মেলে ধরেছেন ভোটের মাঠে।

কামারুল আরেফীন বলেন, দুই উপজেলায় সর্বশ্রেণীর মানুষ আমার ট্রাক প্রতিকের পক্ষে মাঠে নেমেছে। এই দুই উপজেলার শুধু আওয়ামী লীগ নেতা-কর্মীরা নয় সাধারণ মানুষ আমাকে ভালবাসে, এটা দুই উপজেলার মানুষ আরেকবার প্রমাণ করেছেন। আমি তাদের ভালবাসার প্রতিদান দিতে চাই। ‘জনগণ পরিক্ষিত ত্যাগী ও উন্নয়নে ভূমিকা রাখতে সক্ষম জনপ্রতিনিধি চান। তারা ঐক্যবদ্ধ। ফলে তিনি জয়ের ব্যাপারে আশাবাদী।’

প্রসঙ্গত, ২০০৩ সালে তিনি মিরপুর উপজেলা আওয়ামীলীগের সাংগনিক সম্পাদক ও ২০১১ সালে মিরপুর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন কামারুল আরেফিন। একই সালে তিনি বিপুল ভোটে সদরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হন। ২০১৪ সাল এবং ২০১৮ সালে তিনি উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হন। ২০১৯ সালে তিনি প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে দেশসেরা উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকে পদক লাভ করেন তিনি।

ঝিনাইদহে স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী অফিসে হামলা-ভাংচুর আহত ৬, গ্রেপ্তার ২

ঝিনাইদহ-২ আসনের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর নির্বচনী অফিসে নৌকা প্রতীকের সমর্থনকারীরা হামলা ও ভাংচুর করে ৬জনকে গুরুতর আহত করেছে। তাদের মধ্যে ৪ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬টার দিকে ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটী ইউনিয়নের গোয়ালপাড়া বাজারে এই হামলার ঘটনা ঘটে।

আহতরা হলেন একই ইউনিয়নের ঘোড়ামারা গ্রামের রোজদার মন্ডলের ছেলে আকাশ মন্ডল (২২), বাজিতপুর গ্রামের লিয়াকত লস্করের ছেলে মোঃ আকিজ লস্কর (৩৭) একই গ্রামের খয়বার মন্ডলের ছেলে আব্বাস আলী (৩০) এবং মহসিন শেখ। আহত ২ জনকে আশংকাজনক অবস্থায় ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে বলে স্বজনরা জানান।

এই হামলা এবং ভাংচুরের ঘটনায় জড়িত সন্দেহভাজন ২জনকে গ্রেপ্তার করেছে বলেন জানান অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া। তিনি বলেন সংবাদ পেয়ে সেখানে পুলিশ পাঠানো পর পরিস্থিতি শান্ত হয়েছে। সহিংসতার সংবাদ পেলেই সেখানে পুলিশের গ্রেপ্তার অভিযান চলবে।

মেহেরপুর ১ আসনে স্বতন্ত্র প্রার্থী জয়নাল আবেদীন পক্ষে গনসংযোগ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর ১ আসনের স্বতন্ত্র প্রার্থী মোঃ জয়নাল আবেদীন পক্ষে গনসংযোগ করা হয়েছে।